

ডাঃ ইকবাল ও হামিদা আলীসহ ৮ জনের বিরুদ্ধে দুর্নীতির মামলা দায়ের

কোর্ট রিপোর্টার : কুমিল্লার অপব্যবহার, বিশ্বাস ভঙ্গ ও কোটি কোটি টাকা আত্মসাতের অভিযোগে ডিকার্লিন্সা নুন স্কুল এন্ড কলেজের পরিচালনা পরিষদের সাবেক সভাপতি ডাঃ এইচ বি এম ইকবাল, সাবেক প্রিন্সিপাল মিসেস হামিদা আলীসহ ৮ জনের বিরুদ্ধে পৃথক ৪টি দুর্নীতির মামলা দায়ের করা হয়েছে। দুর্নীতি দমন ব্যুরো গভর্নর (মন্ত্রণালয়) রমনা থানার মামলাগুলো দায়ের করে। মামলাগুলোতে বাদী হয়েছেন দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক সৈয়দ আহমেদ। মামলার অন্যান্য আসামী হচ্ছে স্কুলের পরিচালনা পরিষদের সাবেক সদস্য মোঃ হুমায়ুন কবির খান, এ কে ফিরোজ নূন, মোঃ সতিয়ার রহমান, ডাঃ রকিবুল হোসেন রুমি, ইঞ্জিনিয়ার প্রশান্ত কুমার মুহা ও উত্তম কুমার সাহা।

মামলার এজাহারে বলা হয়, ডিকার্লিন্সা বিশ্ববিদ্যালয়ের নকশা নির্মাণের জন্য ইকবালের পরিচিত উত্তম কুমার সাহাকে নিম্ন বহির্ভূতভাবে ১৫% কমিশনে কনসালটেন্ট নিয়োগ দেয়া হয়। উত্তম কুমার সাহা'র কোম্পানীকে আসামীরা পরস্পর যোগসাজশে অন্যায়ভাবে লাভবান হয়ে ভ্যাট ও আয়কর কর্তন করে ৩ কোটি টাকা প্রদান করা হয়। কিন্তু ভ্যাট ও আয়কর সরকারী কোষাগারে জমা দেয়া হয়নি।

অপর এক মামলার এজাহারে বলা হয়, আসামীরা শিক্ষাবোর্ডের অনুমতি না নিয়ে ডিকার্লিন্সা নুন স্কুল এন্ড কলেজের সংরক্ষিত ভবনবিলের প্রায় ৬ কোটি টাকা ডিকার্লিন্সা বিশ্ববিদ্যালয়ের ফাউন্ডেশনের খাতে স্থানান্তর এবং প্রায় ২ কোটি ৫০ লাখ টাকা বিশ্ববিদ্যালয়কে দিয়ে তা ব্যক্তিগত সম্পত্তি হিসাবে ব্যবহার করে নিজের লাভবান হয়েছেন।

অপর এক এজাহারে বলা হয়, আসামীরা কুমিল্লার অপব্যবহার করে ঢাকা বোর্ডের অনুমতি না নিয়ে ডিকার্লিন্সা নুন স্কুল এন্ড কলেজের জমি ডিকার্লিন্সা বিশ্ববিদ্যালয় ফাউন্ডেশন-এর নামে হস্তান্তর করেন। আসামীরা বিশ্ববিদ্যালয়ের আজীবন সদস্যপদ লাভ করেন এবং জয়েন্ট ষ্টক কোম্পানী থেকে নিবন্ধন করিয়ে নেন।